# গাজীপুরে চলন্ত যাত্রীবাহী বাসে আগুন, অল্পের জন্য রক্ষা পেল যাত্রীরা



সংগৃহীত ছবি

গাজীপুরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে চলন্ত একটি যাত্রীবাহী বাসে হঠাৎ আগুন ধরে যায়। শনিবার (১৫ নভেম্বর) রাত ৮টার দিকে গাছা থানার হারিকেন এলাকায় ঘটনার পর মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে এবং বাসটির বড় অংশ পুড়ে যায়।

গাজীপুর চৌরাস্তা মর্ডান ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার ইকবাল হাসান জানান, সংবাদ পাওয়ার পর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রায় ২০ মিনিট চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। তিনি নিশ্চিত করেন, এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

প্রত্যক্ষদর্শী বাবুল হোসেন বলেন, তারা বাসটির পাশে দাঁড়িয়ে ছিলেন—ঠিক সে সময় ইঞ্জিনের দিক থেকে ধোঁয়া ও আগুন বের হতে দেখেন। বাসে থাকা প্রায় ১০ জন যাত্রী দ্রুত নেমে যেতে সক্ষম হন। তবে চালক ও হেলপার ঘটনার পর আর দেখা যায়নি।

গাছা থানার ওসি মোহাম্মদ আমিনুল ইসলাম জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে যান্ত্রিক ত্রুটির কারণেই আগুনের সূত্রপাত হয়। আগুনে বাসটির প্রায় ৮০ শতাংশ অংশ পুড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে।

LENS ASIA